

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৫নং রশিদপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

জামালপুর সদর, জামালপুর

Email:rashidpur15noup@gmail.com



ইউনিয়ন উন্নয়ন সমষ্টি সভা (ইউডিসিসি)

সভার কার্যবিবরণী বহি

সভাপতি- আব্দুল্লাহ আল মামুন (ঠাক্কা)

পদবী- ইউ.পি চেয়ারম্যান

সভার স্থান- ইউপি কার্যালয়

তারিখ- ০৫-১২-২০২১ইং

সময়- ১১.৩০ঘটিকা

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	অদ্যকার সভায় চেয়ারম্যান জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন (ঠাক্কা) আসন গহন করে। তিনি উপস্থিত সদস্যদের কে স্বাগত জানিয়ে সভার কার্য আরম্ভ করেন। ১। আলোচ্য বিষয় অনুসারে সভায় গত সভার কার্যবিবরণী কোন প্রকার সংশোধনী ছাড়াই অনুমোদন করা হয়।
২। আলোচ্য বিষয় শিক্ষা, তথ্য ও সেবা প্রদান কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা।	শিক্ষা বিভাগ প্রতিনিধি বলেন যে, ইউনিয়নে শিক্ষার উন্নয়নে একটি দীর্ঘমেয়াদী দৃষ্টিভঙ্গি সৃষ্টি এবং উহা ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্তির উদ্যোগ গ্রহণ করার প্রয়োজন। প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক। কাজেই সকল শিশুকে কুলে পাঠানোর জন্য সকলের সহযোগিতা কামনা করেন। সভায় উপস্থিত তথ্য ও সেবা কেন্দ্রের উদ্যোগো মো:হারেজ আলী বলেন যে, তথ্য ও সেবা কেন্দ্রের কার্যক্রম ভালভাবে চলছে। ইউপি সচিব জনাবা ফাতেমা খাতুন বলেন যে, সরকারী গেজেট অনুসারে শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করার বিধান রয়েছে। উক্ত বিষয়ে অলোচনা করে ইপি আই কর্মসূচী এবং স্বাস্থ্যকর্মীর মাধ্যমে শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন নিশ্চিত করতে করতে হবে। উক্ত নিবন্ধের ফেরে প্রয়োজনীয় কাগজপত্র সাপেক্ষে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন করার জন্য জনগনকে সচেল করাতে হবে। তিনি সেবা প্রদান কার্যক্রম আরোও উন্নয়নের জন্য ইউপির সহযোগিতা কামনা করেন।
৩। বিবিধ	

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি স্বাক্ষর

আব্দুল্লাহ আল-মামুন (ঠাক্কা)
চেয়ারম্যান আল মামুন (ঠাক্কা)
১৫নং রশিদপুর ইউনিয়ন পরিষদ
জামালপুর সদর, জামালপুর, জামালপুর।